

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৮০

আগরতলা, ৭ অক্টোবর, ২০২৬

ত্রিপুরা নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্প : পশ্চিম জেলায় ৯০৮৫টি পরিবারকে সহায়তা

ত্রিপুরা নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্প ২.০ এর অধীনে এপ্রিল, ২০২৫ থেকে এখন পর্যন্ত পশ্চিম জেলার ৯০৮৫টি নির্মাণ শ্রমিক পরিবার বিভিন্ন সরকারী সুযোগ পাচ্ছে। এর মধ্যে শিক্ষার ক্ষেত্রে সহায়তা পেয়েছে জেলার ৫৬৮৮টি নির্মাণ শ্রমিক পরিবার। উল্লেখ্য এই শিক্ষার ক্ষেত্রে সহায়তা স্কিমে পরিবারের দুই সন্তানের পড়াশুনার জন্য বছরে ১৮০০ টাকা সর্বাধিক ২০,০০০ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা দেওয়া হয়ে থাকে। মহিলা নির্মাণ শ্রমিক বিবাহ যোজনায় জেলার ২৮৬ টি পরিবারকে কন্যার বিবাহ বাবদ ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এ ক্ষেত্রে নির্মাণ শ্রমিক পরিবারের ২ জন কন্যা সন্তানের বিয়ের জন্য এই সুবিধা দেওয়া হয়ে থাকে। নির্মাণ শ্রমিক বার্ষিক্যকালীন ভাতা পাচ্ছেন জেলার ৩০০৪ জন। এ ক্ষেত্রে নিবন্ধিত নির্মাণ শ্রমিকের ৬০ হাজার পূর্ণ হওয়ার পর প্রতিমাসে ১০০০ টাকা করে পেনশন দেওয়া হয়ে থাকে। অন্ত্যেষ্টিক্রিয়ার আর্থিক সহায়তা প্রকল্পে জেলার ৩৩টি পরিবার ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা পেয়েছে। এক্ষেত্রে নিবন্ধিত নির্মাণ শ্রমিকের মৃত্যু হলে তার পরিবারের মনোনীত ব্যক্তিকে শ্রমিকের অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য এই সহায়তা দেওয়া থাকে। দুরারোগ্য ব্যাধির চিকিৎসার ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রকল্পে জেলার ৩৪টি শ্রমিক পরিবারকে ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মাতৃত্বকালীন সহায়তা প্রকল্পে জেলার ৭ জন নির্মাণ শ্রমিক পরিবারের মহিলাকে ৪০০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। পশ্চিম জেলা শ্রম পরিদর্শক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
